



চাঁদপুর : হাইমচরে একটি কুলে শিক্ষার্থীদের তৈরি 'মানব সেতু' পার হচ্ছেন উপজেলা চেয়ারম্যান নূর হোসেন। বিষয়টি অমানবিক হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন অনেকেই

## শিক্ষার্থীদের পিঠে হাঁটলেন উপজেলা চেয়ারম্যান! ছবি ফেসবুকে ভাইরাল, তদন্তের নির্দেশ

### ■ চাঁদপুর প্রতিনিধি

চাঁদপুরের হাইমচর নীল কমল উচ্চ বিদ্যালয়ের ক্রীড়া প্রতিযোগিতায় শিক্ষার্থীদের দিয়ে তৈরি 'মানব সেতু'তে জুতা প্যায়ে হেঁটে ব্যাপক সমালোচনার মুখে পড়েছেন এক জনপ্রতিনিধি। 'পদ্মাসেতু' নামের ওই 'মানব সেতু'র উপরে যখন অনুষ্ঠানের প্রধান অতিথি হাইমচর উপজেলা চেয়ারম্যান ও আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নূর হোসেন পাটওয়ারী উঠেন, তখন ওই ছবি মোবাইল ক্যামেরায় ধারণ করেন অনেকেই। মুহূর্তের মধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে ছবিটি ছড়িয়ে পড়ে। গত সোমবার এ ঘটনা ঘটে। বিষয়টি অমানবিক হওয়ায় এ নিয়ে ক্ষোভ প্রকাশ করেন অনেকেই। পরে ঘটনাটি তদন্তের নির্দেশ দেয় স্থানীয় সরকার বিভাগ।

ঘটনার সত্যতা নিশ্চিত করে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মোশাররফ হোসেন গতকাল বুধবার ইত্তেফাকে বলেন, '১৯৮৬ সাল থেকে বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ছাত্ররা দুই পাশে দাঁড়িয়ে হাত দিয়ে মাঝখানে কয়েকজন ছাত্রকে উপর করে শোয়া অবস্থায় রেখে ব্রিজ (মানব সেতু) তৈরি করে। আর অনুষ্ঠানের প্রধান অতিথি ছাত্রদের শরীরের উপর দিয়ে পায়ে হেঁটে এই ব্রিজ পার হন। এটি বিদ্যালয়ের একটি ঐতিহ্য।'

প্রধান শিক্ষক জানান, এর আগে ওই বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক আব্দুল মতিন, সাবেক উপজেলা নির্বাহী কর্মকর্তাও (ইউএনও) এই ধরনের সেতুর উপর দিয়ে পায়ে হেঁটে পার হয়েছেন। কয়েক বছর বন্ধ থাকলেও গত ৩০ জানুয়ারি উপজেলা চেয়ারম্যান নূর হোসেন পাটওয়ারীর সম্মানে এটি আবার শুরু হয়েছে।

জানা গেছে, এই বিদ্যালয়ের শারীরিক শিক্ষা বিষয়ের শিক্ষক প্রশান্ত কুমার দাস। তিনিই শিক্ষার্থীদের এই ধরনের সেতু তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকেন। তবে বিদ্যালয় বন্ধ থাকায় তার বক্তব্য পাওয়া যায়নি।

বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র মো. ইমরান হোসেন জানান, ২০০৬ সালে আমি এই বিদ্যালয় থেকে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। পূর্বে বিষয়টি জানাজানি না হলেও এখন সামাজিক যোগাযোগ মাধ্যমে ছবিটি ছড়িয়ে পড়েছে। মূলত বিদ্যালয় কর্তৃপক্ষই এই ধরনের আয়োজন করে।

বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র শোয়ারাব হোসেন ও নবম শ্রেণির ছাত্র সাইফুল ইসলাম জানান, সোমবার ওই পিরামিডের উপর দিয়ে উপজেলা চেয়ারম্যান পায়ে হেঁটে যাওয়ার পর শিক্ষার্থীদের ৫ হাজার টাকা পুরস্কার দিয়েছেন। তারা এই বিষয়টিকে প্রতিযোগিতার অংশই মনে করেছেন।

বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী মাহবুব আলম বাশার বলেন, পূর্বে এই বিদ্যালয়ে এই ধরনের প্রচলন থাকলেও এখন আর প্রয়োজন নেই। সেতু তৈরি করে যে বিষয়টি শিক্ষার্থীরা অতিথিদের সামনে তুলে ধরতেন, সেই অবস্থার এখন পরিবর্তন হয়েছে। এখন এই উপজেলার অনেক উন্নয়ন হয়েছে। তাই এই ধরনের আয়োজনের নিন্দা জানাই।

এ প্রসঙ্গে হাইমচর উপজেলা চেয়ারম্যান নূর হোসেন পাটওয়ারী জানান, অন্যান্য অতিথি, শিক্ষক ও শিক্ষার্থীরা অনেকটা চাপ প্রয়োগ করে করে তাকে ওই 'মানব সেতু'র উপর দিয়ে হেঁটে যেতে বাধ্য করেছেন। তিনি বলেন, 'আমার বিবেক বাধা দিলেও বিদ্যালয়ের নিয়ম রক্ষায় নিষেধ করতে পারিনি। তবে বিষয়টি নিয়ে যেহেতু অনেক কথা হচ্ছে, তাই পরবর্তীতে ওই বিদ্যালয়ে এই ধরনের আয়োজন বন্ধ করার ব্যবস্থা করবো।'

চাঁদপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোহাম্মদ আব্দুল হাই জানান, বিষয়টি মানবিক হয়নি বলে উপজেলা চেয়ারম্যান তাকে জানিয়েছেন। জেলা প্রশাসক মো. আব্দুস সবুর মন্ডল জানান, বিষয়টি আমি জেনেছি। এটি

সত্যই বড় অমানবিক। বিষয়টি তদন্ত করার জন্য লোক পাঠিয়েছি। তদন্তে প্রমাণ হলে অবশ্যই সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবো।

তদন্তের নির্দেশ: এদিকে গতকাল বুধবার রাতে ঢাকায় প্রাপ্ত খবরে জানা গেছে, ছাত্রের পিঠ 'পদ্মাসেতু' বানিয়ে হাঁটার ঘটনাটি তদন্ত করার নির্দেশ দিয়েছে স্থানীয় সরকার বিভাগ। চট্টগ্রামের অতিরিক্ত বিভাগীয় কমিশনারকে তদন্ত করে তিন কার্যদিবসের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার বিভাগের সচিব আব্দুল মালেক।